



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
www.rajshahieducationboard.gov.bd

জরুরী বিজ্ঞপ্তী

বিজ্ঞপ্তী নম্বর ২৬২/পান.....

তারিখ ৭.০৯.২০২০

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে গত ৫/১২/২০১৯ তারিখে অনুষ্ঠিত ৮৪ তম শৃঙ্খলা কমিটিতে গৃহীত নিম্নে উল্লিখিত সিদ্ধান্ত সমূহ অনুসরণ করার জন্য বিশেষভাবে অনুরোধ জানানো হলো।

সিদ্ধান্ত সমূহ :

- সিদ্ধান্ত : ১ :** পরীক্ষা কেন্দ্রে/পরীক্ষা কক্ষে যে সমস্ত মোবাইল ফোন জব্দ করা হয় সেগুলি যে পরীক্ষায় জব্দ করা হবে পরবর্তী বছর সে পরীক্ষা পর্যন্ত কেন্দ্র সচিবের নিকটেই জমা থাকবে। কারণ জরুরী প্রয়োজনে পরীক্ষা নিয়ন্ত্রক মোবাইল ফোনগুলি জমা চাইলে কেন্দ্র সচিব যেন সময়মত তা জমা দিতে পারেন। নির্দিষ্ট সময় অতিক্রান্ত হওয়ার পর সেগুলি নষ্ট/ধংশ করতে হবে। জব্দকৃত মোবাইল ফোন শিক্ষা বোর্ডে জমা দিতে হবেনা মর্মে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।
- সিদ্ধান্ত : ২ :** যদি কোন পরীক্ষার্থী নকলসহ ধরা পড়ে সে ক্ষেত্রে জব্দকৃত নকলের কপিতে পরীক্ষার্থীর, কক্ষপরিদর্শকের এবং কেন্দ্র সচিবের স্বাক্ষর থাকতে হবে। কোন পরীক্ষার্থী যদি পাশের অন্য কোন পরীক্ষার্থীর সাথে কথা বলে কিংবা দেখে লিখার চেষ্টা করে তবে এ ধরনের অপরাধের জন্য তাকে বহিষ্কার করা যুক্তিযুক্ত হবে না। এ ক্ষেত্রে প্রয়োজনে কক্ষপরিদর্শক কিছু সময়ের জন্য পরীক্ষার উত্তরপত্র নিয়ে রেখে দিয়ে পরে তা ফিরিয়ে দেবেন কিংবা পরীক্ষার্থীর সিট/আসন পরিবর্তন করতে পারবেন মর্মে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।
- সিদ্ধান্ত : ৩ :** কোন বহিষ্কৃত পরীক্ষার্থীর নিকট থেকে প্রাপ্ত নকল, মোবাইল ফোন, ইলেক্ট্রিক ডিভাইস ইত্যাদির জব্দ তালিকা তৈরি করে পরীক্ষার্থীর উত্তরপত্রের সহিত পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর পাঠাতে হবে মর্মে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

ফোন নম্বর- ৭৭৬২৩১, ৭৭৬৩৭৩